# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১০৯

১/ বিবিধ

আরবী

تخرج الدابة [من] أجياد، فيبلغ صدرها الركن اليماني ولما يخرج ذنبها بعد، وهي دابة ذات وبر وقوائم
ضعيف

أخرجه الواحدي في " الوسيط " (3/179/1) والحافظ الذهبي في " الميزان " من طريق فرقد بن الحجاج القرشي قال: سمعت عقبة بن أبي الحسناء اليماني قال: سمعت أبا هريرة يقول: فذكره مرفوعا
قلت: وهذا إسناد ضعيف، فإن فرقدا في عداد مجهولي الحال، وشيخه عقبة مجهول العين، وفي ترجمته ساق الذهبي الحديث، وقال فيه
" مجهول، رواه الكناني عن أبي حاتم الرازي. ثم قال أبو حاتم: روى عنه فرقد ابن الحجاج مجهول. وكذا قال ابن المديني: عقبة مجهول.. قلت: أما فرقد، فقد حدث عنه ثلاث ثقات، وما علمت فيه قدحا
قلت: وقد ترجم الاثنين ابن أبي حاتم (3/1/309/1724 و3/2/82/465) وقال في كل منهما عن أبيه: شيخ
وأما ابن حبان فأوردهما في " الثقات " (2/242 و2/165) وقال في الأول منهما فرقد: " يخطىء

বাংলা

১১০৯। (কিয়ামতের আলামত হিসেবে) পশুটি বের হবে আজইয়াদ নামক স্থান হতে। তার বুক রুকনু ইয়ামানী পর্যন্ত পৌঁছে যাবে তথাপিও তার লেজ বের হবে না। এ এমন এক পশু যা পশম ও বহু পা বিশিষ্ট হবে।

হাদীসটি দুর্বল।

এটিকে আল-ওয়াহেদী “আল-আসীত” গ্রন্থে (৩/১৭৯/১) এবং হাফিয যাহাবী "আল-মীযান" গ্রন্থে ফারকাদ ইবনুল হাজ্জাজ আল-কুরাশী হতে, তিনি ওকবাহ ইবনু আবিল হাসনা ইয়ামানী হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল। কারণ ফারকাদ অজ্ঞাত বর্ণনাকারীদের অন্তর্ভুক্ত। তার শাইখ ওকবাহও মাজহুল। হাফিয যাহাবী তার জীবনী আলোচনা করতে দিয়ে বলেনঃ তিনি মাজহুল। আবু হাতিম ফারকাদ ইবনুল হাজ্জাজকে মাজহুল আখ্যা দিয়েছেন। ইবনুল মাদীনী বলেনঃ ওকবাহ মাজহুল। ইবনু হিব্বান ফারকাদ সম্পর্কে বলেনঃ তিনি ভুল করতেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71988

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন